**পশ্চিমবঙ্গ সরকার**
**শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ**
**দমদম (শহর) সুসংহত শিশুবিকাশ প্রকল্প**
**৪৪ ড: শৈলেন দাস সরনী**
**উত্তর ২৪ পরগনা**

স্মারক সংখ্যা..৬০/আই.সি.ডি.এস /ডি.ডি.ইউ তারিখ:- ১১/০৬/২০১৮

দমদম (শহর) সুসংহত শিশুবিকাশ প্রকল্পের অঙ্গনওয়ারী কেন্দ্রগুলির জন্য কিছু সংখ্যক অঙ্গনওয়ারী কর্মী পদে নিয়োগের জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবা মূলক এবং অস্থায়ী। এই কাজে নিযুক্ত অঙ্গনওয়াড়ী কর্মী কখনই সরকারী কর্মী রূপে গন্য হবে না।

১) **শূন্যপদ :-** অঙ্গনওয়াড়ী কর্মী মোট পদ =৪ (চার)

২) **সংরক্ষন নীতি অনুসারে শূন্যপদ :- সাধারন - ২ (দুই)**
**তপশীলি জাতি - ১ (এক)**
**শারীরিক প্রতিবন্ধী সাধারন -১ (এক)**
**মোট পদ =৪ (চার)**

৩) **নূন্যতম শিক্ষাগত যোগ্যতা :-**তপশীলি জাতি, তপশীলি উপজাতি ও অনান্য অনগ্রসর শ্রেনী, প্রতিবন্ধী সহ অসংরক্ষিত সকলের ক্ষেত্রেই নূন্যতম শিক্ষাগত যোগ্যতা অনুমোদিত বোর্ড হতে মাধ্যমিক বা সমতুল্য পাশ।

৪) **বয়স ০১/০১/২০১৮ তারিখ হিসেবে :-** ১৮ থেকে ৪৫ বছর।

৫) **অবসর গ্রহনের বয়স :-** ৬৫ বছর

৬) কার্যক্ষেত্রে ও নিযুক্তি তালিকা :- দমদম(শহর) শিশু বিকাশ প্রকল্প অঞ্চল ভিত্তিক।

৭) সান্মানিক ভাতা প্রতি মাসে :- অঙ্গনওয়াড়ী কর্মীদেরে ক্ষেত্রে ৩০০০(তিন হাজার) টাকা। তৎসহ ১৮৫০(এক হাজার আটশত পঞ্চাশ) টাকা।

৮) কাজের পরিধি :- (ক) গ্রামাঞ্চলে বা শহরে মোটামুটি কম বেশী ১০০০ জনসংখ্যা পিছু একটি কেন্দ্র, সেটা কোনো ক্লাবের মধ্যে বা কোনো ব্যক্তিগত গৃহে বা নিজস্ব কেন্দ্রগৃহে একটি স্থানের মাধ্যমে এই অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কাজ করতে হয়। (খ) এলাকার প্রসূতি মা, গর্ভবতী মা, ০ থেকে ৬ বছর পর্যন্ত শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা ,পরিপূরক পুষ্টি, প্রতিষেধকের ব্যবস্থা, মাতৃসভা ইত্যাদি পরিষেবা দিতে হবে। (গ) কেন্দ্রের কাজ দৈনিক ছয় ঘন্টা এবং সোম থেকে শনিবার প্রতি সপ্তাহ। (ঘ) কেন্দ্রে রোজ রান্নাকরা খাবার শিশুদের এবং মায়েদের দেত্তয়ার ব্যবস্থা করতে হয়। (ঙ) একজন সহায়িকা এ কাজের জন্য অঙ্গনওয়াড়ী কর্মীকে সাহায্য করেন। (চ) সহায়িকার অনুপস্থিতিতে কেন্দ্রে রান্না/খাবার পরিবেশনে ব্যবস্থা/রান্নার বাসন কোসন ধুয়ে মুছে রাখার ব্যবস্থাও করতে হয়। (ছ) অঙ্গনওয়াড়ী কেন্দ্রের নিজস্ব কাজ ছাড়াও সরকারী নির্দেশিত অনান্য কাজ ও করতে হবে।

৯) প্রশিক্ষন :- নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক।

১০) **বাসিন্দা :-** প্রকল্প অঞ্চলের স্থায়ী বাসিন্দা হতে হবে।

১১) **পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যক্রম :-** লিখিত পরীক্ষা - ৯০ (নব্বই) নম্বর

ক) মাতৃভাষায় ১৫০ শব্দের রচনা (অষ্টম শ্রেনী মান) -১৫ নম্বর।

খ) পাটীগণিত (অষ্টম শ্রেণী মান) - ২০ নম্বর ।

গ) জনস্বাস্থ্য পুষ্টি ও নারীদের অবস্থান সম্পর্কিত বিষয় - ১৫ নম্বর।

ঘ) ইংরাজী ভাষা সম্পর্কে সাধারন জ্ঞান , প্রাথমিক জ্ঞান এবং ইংরাজীতে অনুবাদ ইত্যাদি -২০ নম্বর।

ঙ) সাধারন জ্ঞান সম্পর্কিত বিষয় - ২০ নম্বর।

**এছাড়া মৌখিক পরীক্ষা - ১০ নম্বরের।**

১২) **দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ :- ১৩/০৭/২০১৮ (বিকেল ৩ টে পর্যন্ত)**

১৩) দরখাস্ত জমা দেওয়ার উপায় ও নিয়ম :- দমদম (শহর) শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে ১৮/০৬/২০১৮ থেকে ১৩/০৭/২০১৮তারিখ পর্যন্ত দুপুর ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত যে কোন সরকারি কাজের দিন প্রার্থীর নাম, ঠিকানা এবং পদের নাম খামের উপরে উল্লেখ করে জমা দিতে হবে। এছাড়া ডাকযোগে উপরোক্ত ঠিকানায় ১৩/০৭/২০১৮ এর মধ্যে আবেদন পত্র পাঠানো যাবে, উল্লিখিত, ডাক গোলযোগের কোন রকম দায় অফিসের নয়। কেবলমাত্র অফিস থেকে অথবা জেলা ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে।

১৪) **লিখিত পরীক্ষার প্রবেশ পত্র :-** লিখিত পরীক্ষার প্রবেশ পত্র যথা সময়ে ডাক যোগে প্রেরণ করা হবে। যে সমস্ত আবেদনকারিনী লিখিত পরীক্ষায় প্রবেশ পত্র নির্দিষ্ট তারিখের মধ্যে ডাক যোগে পাবেন না কেবলমাত্র সেই সমস্ত প্রার্থীকে দমদম(শহর) শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে প্রদত্ত রসিদ ও অনান্য উপযুক্ত প্রমানের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হবে। এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিণীকেই দেওয়া হবে, অন্য কোন অনুমোদিত ব্যক্তিকে দেওয়া হবে না। এই বিকল্প প্রবেশ পত্র বিতরণের তারিখ ও সময় সংক্রান্ত বিজ্ঞপ্তি দমদম(শহর) শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে পরে প্রকাশিত হবে।

**মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র :-লি**খিত পরীক্ষায় সফল পরীক্ষার্থীণিকেই কেবলমাত্র ডাক যোগে মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র প্রেরণ করা হইবে। লিখিত পরীক্ষায় সফল যে সমস্ত আবেদনকারিণী নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র পাইবেন না, কেবলমাত্র সেই সমস্থ প্রার্থীকে দমদম(শহর) সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে প্রদত্ত রসিদ ও অনান্য উপযুক্ত প্রমানের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হবে। এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিণীকেই দেওয়া হবে, অন্য কোন অনুমোদিত ব্যাক্তিকে দেওয়া হবে না। এই প্রবেশ পত্র বিতরণের তারিখ ও সময় সংক্রান্ত বিজ্ঞপ্তি দমদম(শহর) শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে পরে প্রকাশিত হবে।

১৫) আবেদন পত্রের নমুনা :- আবেদন পত্রের নমুনা অনুযায়ী ফুলস্ক্যাপ সাদা কাগজে স্বহস্তে লিখিত, টাইপ করে বা ছাপানো এবং অবশ্যই স্বাক্ষরিত হতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল হবে। কেবল মাত্র অফিস থেকে অথবা জেলা ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে।

১৬) প্রত্যয়ন :- আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শংসাপত্রের প্রতিলিপি স্বপ্রত্যয়িত হতে হবে।

১৭) আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শংসাপত্রের প্রতিলিপি :-

১) দুইটি স্বপ্রত্যয়িত সাম্প্রতিকতম পাসপোর্ট মাপের ছবি (একটি খামে,অন্যটি দরখাস্তে)।

২) বয়সের প্রমাণ (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র/জন্মের শংসাপত্র)।

৩) বাসস্থানের প্রমাণপত্র :- রেশন কার্ড ও ভোটার আই.ডি কার্ডের প্রত্যায়িত ফোটোকপি।তৎসহ সাংসদ/ মন্ত্রী/ বিধায়ক/ ডি.এম/ এ.ডি.এম/ এস.ডি.ও/ পৌরসভার চেয়ারম্যান/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরের যে কোন তারিখে প্রদত্ত বাসস্থানের প্রমানপত্র ।

৪) নূন্যতম শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্র।

৫) তপশীলি জাতি ও প্রতিবন্ধী হলে সংরক্ষণের সুবিধা পাওয়ার ক্ষেত্রে কেবলমাত্র সংশ্লিষ্ট ও উপযুক্ত সরকারী আধিকারিক কর্তৃক প্রদত্ত ও প্রত্যয়িত গ্রাহ্য হবে।

<u>বিশেষ দ্রষটব্য :-</u>

১) এই নিয়োগ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যান দপ্তরের আদেশ নামা যথাক্রমে ২৮৮- এস ডব্লিউ, তারিখ-২৫/০১/২০০৬, ৯৫৩০-এস ডব্লিউ, তারিখ-০৯/১১/২০১২, ৬০০৩-এস ডব্লিউ, তারিখ-১৪/০৯/২০১২, ৭২-এস ডব্লিউ, তারিখ-০৪/০১/২০১৩, ১১০৪-এস ডব্লিউ, তারিখ- ২১/০৩/২০১৩ এবং ৩১০৪-এস ডব্লিউ, তারিখ-১৯/০৯/২০১৩ এবং ৪০৩৯-এস ডব্লিউ/৩ এস- ২২৫/০৫ তারিখ-২০/১২/২০১৩ এবং ৪০৪০-এস ডব্লিউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ অনুযায়ী সম্পাদিত হবে।

২) এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ যে কোন কাজের দিন বেলা ১২ টা থেকে ৩টা অবধি শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে পাওয়া যাবে।

৩) কোন তথ্য ভুল বা অসংগত দিলে, উপরোক্ত শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে ও এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না।

৪) শুধুমাত্র নিভূল আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশপত্র পাত্তয়া যাবে।

৫) আবেদন পত্র কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হবে।

৬) জমা আবেদন পত্রে কোন পরিবর্তনের অনুরোধ বিবেচিত হবে না।

৭) পদে নিযুক্তির পরে যদি জানা যায় কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করেছিল তৎক্ষনাৎ সেই নিযুক্তি বাতিল হবে।

৮) কোন পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন গাড়ী ভাড়া বা আহার খরচ পাওয়া যাবে না।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
দমদম(শহর) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

**স্মারক সংখ্যা :-** ৬০/আই.সি.ডি.এস /ডি.ডি.ইউ **তারিখ :-**১১/০৬/২০১৮

**জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কায্যালয়ের নোটোশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ অনুলিপি প্রেরণ করা হল :-**

১) যুগ্ম সচিব, নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যান বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, বিকাশ ভবন, কলকাতা-৭০০০৯১।
২) অধিকর্তা(আই.সি.ডি.এস), পশ্চিমবঙ্গ সরকার, শৈশালী , সল্ট লেক সিটি, সেক্টর-১, কলকাতা-৭০০০৬৪।
৩) জেলা সমাহর্তা , উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৪) মাননীয় মহোকুমা শাসক , ব্যারাকপুর,উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৬) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। সংবাদপত্রে প্রকাশের অনুরোধ সহ।
৬) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস), উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৭) মাননীয় বিধায়ক , দমদম , উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৮) মাননীয় পৌরপ্রধান, দমদম পৌরসভা , উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৯) মাননীয় উপ পৌরপ্রধান, দমদম পৌরসভা , উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
১০- ৩১) মাননীয়/মাননীয়া ..........................................................................., পৌরপ্রতিনিধি, ওয়ার্ড নং ....... দমদম পৌরসভা ,
৩২)মাননীয় স্বাস্থ্য আধিকারিক, দমদম পৌরসভা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৩৩) মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক , দমদম থানা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
৩৪) বিদ্যালয় পরিদর্শক, দমদম সার্কেল।
৩৫) পোষ্ট মাষ্টার, দমদম।
৩৬) অফিস নোটিস বোর্ড।
৩৭) অফিস কপি।

[signature] ১১/৬/১৮

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
দমদম(শহর) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

**নমুনা আবেদন পত্র**

| |
|---|
| স্ব প্রত্যয়িত পাসপোর্ট মাপের ছবি লাগান |

রেজিষ্ট্রার সিরিয়াল নং - ..............................(অফিসের ব্যবহারের জন্য)

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
দমদম(শহর) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প, উত্তর ২৪ পরগনা।

মহাশয়,
আপনার করণ হইতে প্রকাশিত স্মারক সংখ্যা ৬০/আই.সি.ডি.এস /ডি.ডি.ইউ., তারিখ ..১১/০৬/২০১৮. অনুযায়ী আমি দমদম(শহর) সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে অঙ্গণওয়াড়ী কর্মী পদের জন্য প্রার্থী হিসাবে আবেদন করছি। নিম্নে আমার সম্পর্কে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদত্ত হইল :-

(১) নাম :-
(২) পিতা/স্বামী/মাতার নাম :-
(৩) পূর্ণ স্থায়ী বসবাসের ঠিকানা :-

(৪) দমদম মিউনিসিপালিটি ওয়ার্ড নং :-
(৫) জন্ম তারিখ :-
(৬) বয়স(০১/০১/১৮ এর নিরিখে) :-
(৭) সবোচ্চ শিক্ষাগত যোগ্যতা :-
(৮) জাতি(সাধারন/তপশিলী জাতি) :-
(৯) জাতীয়তা :-
(১০) প্রতিবন্ধী কিনা (হলে কি জাতীয় প্রতিবন্ধী) :-
(১১) মোবাইল নং :-
(১২) লিখিত পরীক্ষার ভাষা -(বাংলা/হিন্দী) :-

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে আপনার করণ হতে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ৬০/আই.সি.ডি.এস /ডি.ডি.ইউ., তারিখ- ১১/০৬/২০১৮, আমি সম্পূর্ণ পড়ে ও অনুধাবন করে সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করছি। উপরোক্ত সকল তথ্য ..............................তারিখের নিরিখে আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য। কোন ভুল বা অসঙ্গত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও এর জন্য আমার আবেদন পত্র বাতিল হলে বা আমার নিযুক্ত পত্র বাতিল হলে বা আমার নিযুক্তি প্রত্যাহার হলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হলে আমার কোন আপত্তি থাকবে না। আমি আমার সর্বাধিক শিক্ষাগত যোগ্যতা, বাসস্থান সম্পর্কে কোন মিথ্যা তথ্য লিপিবদ্ধ করিনি।

তারিখ :-
স্থান :-

বিনীত

..............................
(আবেদনকারিণীর পূর্ণ স্বাক্ষর)

দরখাস্তের সহিত দাখিলীকৃত নথিপত্রের তালিকা :-
১)
২)
৩)
৪)

বিঃদ্রঃ (১)আবেদন পত্র জমা দবার সময় অন্যান্য নথিপত্রের সঙ্গে নিজ নাম ও ঠিকানা (পিন নং সহ) লেখা ৫ (পাঁচ) টাকার ডাকটিকিট সাটা একটি খাম দিতে হবে।
(২) স্থায়ী বাসস্থানের, বয়সের, শিক্ষাগত যোগ্যতা এবং ত: জাতি ও প্রতিবন্ধী (যাদের ক্ষেত্রে প্রযোজ্য)-র স্ব-প্রত্যয়িত শংসাপত্র এবং অতিরিক্ত এক কপি পাসপোর্ট সাইজের স্ব-প্রত্যয়িত একই ছবি আবেদন পত্রের সঙ্গে জমা দেওয়া বাধ্যতামূলক।